

স্যাটেলাইট বিদ্যালয়ে কোন ক্লাস হয় না

হাদির চর, নেই স্কুল ঘর

দশমিনা (পটুয়াখালী) থেকে সংবাদদাতা ॥ হাদিরচরে স্যাটেলাইট দশমিনা উপজেলার হাদিরচরে স্যাটেলাইট বিদ্যালয় নামে একটি বিদ্যালয়ে দুজন শিক্ষক নিয়োগ দেয়া হলেও শিক্ষা কার্যক্রম শুরু হয়নি। এতে হাদিরচরের ৫ শতাধিক ছেলে-মেয়ে প্রাথমিক শিক্ষার সুযোগ হতে বঞ্চিত হচ্ছে। এখানে আর কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই। হাদিরচরে বসবাসকারী বিভিন্ন ব্যক্তির সাথে আলাপ করে জানা যায়, একটি স্বার্থান্বেষী মহল আধা ভাংগা একটি টিনশেড গৃহে বিদ্যালয় নামে বিল ভাতা উত্তোলন করে আত্মসাৎ করছে। কিছু ছাত্র-ছাত্রীর নামে বেনামে তালিকাভুক্ত করে উপবৃত্তির টাকা উত্তোলন করছে। দু'জন শিক্ষক থাকলেও বছরে একদিনও শ্রেণীকক্ষে পাঠদানের ব্যবস্থা নেই। এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তার সাথে যোগাযোগ করা হলে তিনি এর সত্যতা স্বীকার করে জানান, ইতিপূর্বে মৌখিক বহু অভিযোগ তিনি পেয়েছেন। কিন্তু হাদিরচরের সাথে যোগাযোগ বিচ্ছিন্ন বলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া সম্ভব হয়নি। অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হবে।